গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
শরীয়তপুর।
(সাধারণ শাখা)
(www.shariatpur.gov.bd)

৩৩৩ এ কল দিন
সরকারি সেবার তথ্য নিন

**১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :**

সভাপতি : মুহাম্মদ নিজাম উদ্দীন আহাম্মেদ, জেলাপ্রশাসক, শরীয়তপুর।
সভার স্থান : জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ০৪ এপ্রিল ২০২৪, সময় : সকাল ১০:০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তা/রাজনৈতিক নেতৃবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিদের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট-ক ।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি বলেন, ১৭ এপ্রিল বাংলাদেশের ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন, কারণ এই দিনেই মেহেরপুর জেলার বৈদ্যনাথ তলায় অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে । এটি ছিল বাংলাদেশের প্রথম সরকার। এ সরকারের অধীনেই মুক্তিযুদ্ধ পরিচালিত হয়। মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নে নতুন প্রজন্মকে উদ্বুদ্ধ করতে দিবসটির তাৎপর্য অনেক। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), শরীয়তপুর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ২৭ মার্চ ২০২৪ তারিখের ৪৮.০০.০০০০.০০১.৫৭.০০১.২৪- ৬৯ নম্বর স্মারকে প্রাপ্ত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচি নিয়ে সভায় বিস্তারিত আলোচনার পর জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচীর সংগে সঙ্গতি রেখে সর্বসম্মতিক্রমে শরীয়তপুর জেলায় নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয় :

| তারিখ | সময় | গৃহীত কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৭ এপ্রিল ২০২৪ | সকাল ১০:০০ টা | "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভা। | জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ | জেলা প্রশাসন শরীয়তপুর । |
| | সুবিধাজনক সময়ে | মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রর্দশনী | প্রেমতলা, বাসস্ট্যান্ড, শিল্পকলা চত্বর, রাজগঞ্জ, ধানুকা ও মনোহর বাজার | জেলা তথ্য অফিসার শরীয়তপুর |
| | সুবিধাজনক সময়ে | শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরে "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভা, মোনাজাত/ প্রার্থনার আয়োজন এবং মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রর্দশনী । | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান | জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শরীয়তপুর |
| | বাদ জোহর/ সুবিধাজনক সময়ে | মোনাজাত/ প্রার্থনার আয়োজন। | সকল মসজিদ/মন্দির ও অন্যান্য উপাসনালয় | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন/সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, শরীয়তপুর |
| | সন্ধ্যা ০৬.৩০ টা | সাংস্কৃতিক অনুষ্ঠান | জেলা শিল্পকলা একাডেমি মাঠ | জেলা শিল্পকলা একাডেমি |

এতদ্ব্যতীত গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন এবং সমগ্র জেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

০১। জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে উপজেলা পর্যায়ে অনুরূপ কর্মসূচী গ্রহণ করতে হবে। তবে চলচ্চিত্র প্রদর্শণী, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ অন্যান্য কর্মসূচি উপজেলা প্রশাসনের সুবিধাজনক সময়ে আয়োজন করবে ;

০২। জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় সকল অনুষ্ঠানস্থলে আইন-শৃংখলা রক্ষা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য পুলিশ সুপার, শরীয়তপুরকে অনুরোধ করা হয় ;

০৩। সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে জেলা শিল্পকলা একাডেমির শিল্পীদের সমন্বয়ে একটি সঙ্গীত দল প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, শরীয়তপুরকে অনুরোধ করা হয় ;

(চলমান-০২)

০৪। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য জেলা শিল্পকলা একাডেমি মাঠে প্রস্তুতকৃত মঞ্চ ব্যবহার উপযোগী রাখতে নেজারত ডেপুটি কালেক্টর, শরীয়তপুরকে অনুরোধ করা হয় ;

০৫। প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরে "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভা, মোনাজাত/ প্রার্থনার আয়োজন এবং মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনীর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শরীয়তপুরকে অনুরোধ করা হয় ;

০৬। ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিতব্য সাংস্কৃতিক অনুষ্ঠান চলাকালে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো, শরীয়তপুরকে অনুরোধ করা হয়।

পরিশেষে ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি যথাযথ মর্যাদায় সম্পন্ন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের উপস্থিতি ও আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ahmed
০৭.০৪.২৪
(মুহাম্মদ নিজাম উদ্দীন আহাম্মেদ)
জেলাপ্রশাসক
শরীয়তপুর।
ফোন : ০২-৪৭৮৮১৫১৪১
e-mail: dcshariatpur@mopa.gov.bd

তারিখ : ২১ চৈত্র ১৪৩০
০৪ এপ্রিল ২০২৪

স্মারক নম্বর : ০৫.৩০.৮৬০০.০০৬.০৬.০১৩.২৩- ১৭৪(৩০)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, শরীয়তপুর।
০৪। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, শরীয়তপুর।
০৫। সিভিল সার্জন, শরীয়তপুর।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শরীয়তপুর।
০৭। মেয়র, শরীয়তপুর পৌরসভা, শরীয়তপুর।
০৮। অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শরীয়তপুর।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরীয়তপুর সদর, শরীয়তপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর/জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ/ডামুড্যা/গোসাইরহাট, শরীয়তপুর।
১১। নেজারত ডেপুটি কালেক্টর, শরীয়তপুর।
১২। ........................................................................................................, শরীয়তপুর।

Gias
০৪.০৪.২৪
(মোঃ সাইফুদ্দিন গিয়াস)
অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক)
শরীয়তপুর।
ফোন : ০২-৪৭৮৮১৫১৫০